# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 16.11.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্য সরকার, উপজাতি সম্প্রদায় ভুক্ত ভূমিহীন মানুষদের জন্যে বন অধিকার আইনে ৪৮ হাজার ৯৫৩ জনের হাতে ব্যক্তিগত জমির পাট্টা তুলে দিয়েছে।

২) উৎসব ও জরুরী অবস্থার সময় টানা কাজ করে চলা পুলিশ, দমকল ও স্বাস্থ্য কর্মীদের বিশেষ ছুটি বাড়াচ্ছে রাজ্য সরকার।

৩) আইন মেনে সঠিকভাবে আর জি কর ঘটনার তদন্তের দাবিতে সিপিআইএম ২১ শে নভেম্বর সিজিও কমপ্লেক্স অভিযানের ডাক দিয়েছে।

৪) কলকাতা আন্তর্জাতিক বইমেলা শুরু হবে আগামী বছর ২৮ শে জানুয়ারি।

৫) কোচবিহারে মদনমোহন দেবের ১৩৫ তম রাস যাত্রা উপলক্ষে আজ শুরু হচ্ছে রাস মেলা। নবদ্বীপের রাসে আজ হবে আড়ং। এদিকে, আজ কার্তিক পুজো।

৬) কার্তিকের শেষে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হাল্কা শীতের আমেজ।

---

রাজ্য সরকার উপজাতি সম্প্রদায় ভুক্ত ভূমিহীন মানুষদের জন্যে বন অধিকার আইনে ৪৮ হাজার ৯৫৩ জনের হাতে ব্যক্তিগত জমির পাট্টা তুলে দিয়েছে। এছাড়াও ৮৫১ টি কমিউনিটি পাট্টার অনুমোদন দেওয়া হয়েছে বলে আদিবাসী উন্নয়ন দপ্তরের তরফে জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে। আদিবাসী সংস্কৃতি সংরক্ষণের জন্য রাজ্যজুড়ে ১ হাজার ৩৫৬ টি মাঝি থান ও ৭২১ টি জাহের থানের উন্নয়ন করা ছাড়াও আদিবাসী সম্প্রদায়ের সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে গঠিত আটটি উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষদ কে ৫২৪ কোটি টাকারও বেশি অর্থ দেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া এবং পুরুলিয়ায় বসবাসকারী ১৮ থেকে ৬০ বছর বয়সী কেন্দু পাতা সংগ্রহকারীদের কাছ থেকে আড়াই কেজির প্রতি চাটা কেনার জন্য সহায়ক মূল্য ৭৫ টাকা থেকে বাড়িয়ে ১৭০ টাকা করা হয়েছে। এছাড়াও জয় জোহার প্রকল্পের আওতায় ২ লক্ষ ৯৩ হাজার ৬৪৮ জন উপজাতি সম্প্রদায়ের মানুষকে পেনশন বাবদ এখনো পর্যন্ত দেড় হাজার কোটি টাকার বেশি দেওয়া হয়েছে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

----------------------

চলতি বছরে রাজ্যের হিমঘরগুলিতে আলু মজুত রাখার সময়সীমা ৩০ শে নভেম্বর শেষ হয়ে যাবে বলে কৃষি বিপণন দপ্তরের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এর প্রেক্ষিতে বিভিন্ন জেলায় হিমঘর মালিকদের সংগঠনগুলিও ওই সময়সীমার মধ্যে আলু বের করে দেওয়ার নির্দেশিকা জারি

করেছে। গত কয়েক বছর ধরে সময়সীমা বৃদ্ধি করা হলেও  এ বছর এখনও পর্যন্ত  তা  হচ্ছেনা। হিমঘরগুলিতে এখনো ১০ লক্ষ টনের বেশি আলু মজুদ থাকায় এই সময়সীমা বৃদ্ধি করার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন জানানো নিয়ে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি আগামী ২৪শে নভেম্বর বৈঠকে বসবে।

উল্লেখ্য কৃত্রিম অভাব সৃষ্টি করে খোলা বাজারে কোন ভাবেই যেন আলুর দাম বৃদ্ধি না করা হয় তার জন্য মুখ্য সচিব মনোজ পন্থ এর আগে একাধিকবার আলু ব্যবসায়ী সমিতি ও হিমঘর মালিক সংগঠনগুলিকে নির্দেশ দিয়েছিলেন।

---------------------

উৎসব ও জরুরী অবস্থায় লাগাতার কাজ করা পুলিশ, দমকল ও স্বাস্থ্যকর্মীদের বিশেষ ছুটি বাড়াচ্ছে রাজ্য সরকার। বিরসা মুণ্ডার ১৫০-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গতকাল রাজারহাটের আদিবাসী ভবনে আয়োজিত অনুষ্ঠান মঞ্চ থেকে  মুখ্যমন্ত্রী  মমতা ব্যানার্জি এই ঘোষণা করেন। তিনি বলেন, দুর্গাপুজো, কালীপুজো, ভাইফোঁটায় সরকারি কর্মীরা ছুটি পান। সেই সময় ডিউটিতে থাকতে হয় পুলিশ, দমকল কর্মী ও জরুরি পরিষেবায় থাকা অন্য সরকারি কর্মীদের। তাঁরা পরিবারের সঙ্গে সময় কাটাতে পারেন না।  তাঁরা এতদিন বছরে ১০টি বিশেষ ছুটি পেতেন। এবার তা বাড়িয়ে ১৫ দিন করা হচ্ছে।  যাঁরা মানুষের জন্য ২৪ ঘণ্টা কাজ করেন তাঁদের যোগ্য সম্মান পাওয়া উচিত বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন  ।

---------------------

আর্থিক প্রতারণার একটি মামলায় সিআইডি গতকাল পূর্ব মেদিনীপুরের চন্ডীপুর থেকে দুজনকে গ্রেপ্তার করেছে। সুব্রত বালা ও অংশুমান বিশ্বাস নামে ধৃত দুজন বনগাঁর বাগদা এলাকার বাসিন্দা। আজ এদের চুচুঁড়া আদালতে তোলা হবে। সুব্রত ও অংশুমান প্রতারণার টাকা ক্রিপ্টো কারেন্সিতে পরিবর্তন করে তা পাচার করত বলে জানা গেছে।

---------------------

আইন মেনে সঠিক ভাবে আরজি করের ঘটনার তদন্তের দাবিতে সিপিআইএম আগামী বৃহস্পতিবার ২১ নভেম্বর CGO কমপ্লেক্স অভিযানের ডাক দিয়েছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম একথা ঘোষণা করে বলেন গত বৃহস্পতিবার দলের রাজ্য কমিটির একদিনের বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

তিনি বলেন, ওই দিন আরজি করের ঘটনার তদন্তভার সিবিআই গ্রহণ করার ১০০ দিন পূর্ণ হচ্ছে। কলকাতা উত্তর দক্ষিণ, এবং কলকাতা সংলগ্ন দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলী ও নদীয়ার দলীয় কর্মী সমর্থকরা এই কর্মসুচিতে যোগ দেবেন।

পাশাপাশি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি নিয়ে সেলিম কঠোর সমালোচনা করেন। চলতি মাস থেকেই নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি, ও বেকারত্বের এর বিরুদ্ধে দল আন্দোলনে নামছে বলে সেলিম জানান।

---------------------

আরজি করে তরুনী PGT চিকিৎসক এর ধর্ষণ ও খুনের ঘটনায় সঠিক বিচারের দাবিতে সুদূর প্রসারী আন্দোলন গড়ে তোলা হবে। মেডিক্যাল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টরস ফোরাম, নার্সেস ইউনিটি ও ১৩০ টি সামাজিক সংগঠনের ডাকে অভয়ার বিচারের দাবিতে আজ কলকাতায় আয়োজিত গণকনভেনশনে বক্তারা এই আন্দোলন কর্মসূচির পক্ষে জোরালো সওয়াল করেন।

মেডিক্যাল সার্ভিস সেন্টারের রাজ্য সম্পাদক ডাক্তার বিপ্লব চন্দ্র বলেন, মানুষ শাসকের ভয় ভীতি উপেক্ষা করে অভয়ার বিচারের দাবিতে পথে নেমেছে, আগামীদিনে ও নামবে বলে তিনি আশা প্রকাশ করেন।

---------------------

আজ জাতীয় প্রেস দিবস। ১৯৬৬ সালে ভারতের প্রেস কাউন্সিল পিসিআই গঠনের পর তাঁর স্মরণে প্রতি বছর ১৬ ই নভেম্বর এই দিনটি পালন করা হয়ে থাকে। গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যমের গুরুত্বপুর্ন অবদান তুলে ধরার লক্ষ্যে এই দিনটি পালনের অঙ্গ হিসেবে বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে। মূল

অনুষ্ঠানটি হবে বিকেলে নতুন দিল্লির জাতীয় মিডিয়া সেন্টারে। এবারের এই দিনটি পালনের থিম হলো " সংবাদ মাধ্যমের পরিবর্তনশীল ধরন " বা changing nature of the press। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ, প্রতিমন্ত্রী এল মুরুগান, পদ্ম ভূষণ প্রাপক প্রবীণ সাংবাদিক কুণ্ডল রমনলাল ব্যাস প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে পৌরোহিত্য করবেন প্রেস কাউন্সিলের চেয়ার পার্সন বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই।

এই উপলক্ষে সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ জাতীয় পুরস্কারও প্রদান করা হবে।

---------------------

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু হবে আগামী জানুয়ারির ২৮ তারিখে। চলবে ৯ই ফেব্রুয়ারি পর্যন্ত। এবারেই প্রথম কলকাতা বইমেলার ফোকাল থিম কান্ট্রি হিসেবে অংশগ্রহণ করছে জার্মানি। সে দেশের সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্যকে এবারের বইমেলায় বিশেষভাবে জানার সুযোগ পাবেন কলকাতার মানুষ। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের সম্পাদক সুধাংশু শেখর বলেন,

বাইট সুধাংশু

---------------------

কোচবিহারে মদনমোহন দেবের ১৩৫ তম রাস যাত্রা উপলক্ষে আজ শুরু হচ্ছে রাস মেলা, চলবে ১৫ দিন। শুধুমাত্র কোচবিহার নয় উত্তরবঙ্গ এবং সমগ্র উত্তর পূর্ব ভারতের সবচেয়ে বড় মেলা এই রাস মেলা।

গতসন্ধ্যায় আনুষ্ঠানিক ভাবে রাস উৎসবের সূচনা হয়। প্রথা মাফিক পুজোর পর রাস চক্র ঘুরিয়ে এর সূচনা করেন কোচবিহার দেবত্র ট্রাস্টবোর্ডের সভাপতি তথা জেলাশাসক অরবিন্দ কুমার মিনা। মদনমোহন দেবের রাস উৎসবকে কেন্দ্র করে নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে সমস্ত এলাকা।

এই উৎসবকে কেন্দ্র করে কয়েক লক্ষ মানুষের সমাগম হয় মদনমোহন মন্দিরে। কোচবিহারের রাস উৎসব সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য নিদর্শন, রাজ আমল থেকে রাস চক্রের নির্মাতা এক মুসলিম পরিবার। টানা ১৫ দিন ধরে চলে এই উৎসব।

এদিকে নদীয়ার নবদ্বীপে রাসে আজ হবে আড়ং । নানা দেব দেবীর পুজোর চল রয়েছে। অন্যদিকে শান্তিপুরে চলেছে ভাঙ্গা রাসের প্রস্তুতি।

আমাদের জেলার সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

পূর্ব বর্ধমানের দাঁইহাটেও বিখ্যাত রাস উৎসবে দূরদূরান্ত থেকে বহু মানুষ সামিল হয়েছেন। এখানে পরম্পরা মেনে ভক্তদের হাতে কালি কৃষ্ণ পুজো পান।

----------------------

আজ কার্তিক পুজো। কার্ত্তিক মাসের সংক্রান্তিতে দেব সেনাপতি রূপে পূজা করা হয় শক্তির দেবতা কার্তিককে। রাজ্যের বিভিন্ন প্রান্তে বারওয়ারি পূজোর পাশাপাশি গৃহস্থের বাড়িতেও আয়োজন করা হচ্ছে কার্তিক পুজোর।

হুগলির বাঁশবেড়িয়ায় সাড়ম্বরে পালিত হচ্ছে কার্তিক পুজো। এই পুজো দেখতে ইতিমধ্যেই বহু মানুষ ভিড় জমিয়েছেন। চুঁচুড়া ও কাটোয়া তেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে কার্তিক পুজোর আয়োজন করা হচ্ছে।

----------------------

কার্তিকের শেষে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হাল্কা শীতের আমেজ। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা নেমেছে স্বাভাবিকের এক ডিগ্রি নীচে, ১৯ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াসে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল ৩০ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাবাবিকের তুলনায় যা শূন্য দশমিক ৫ ডিগ্রি কম। দক্ষিণবঙ্গের ১৪ টি জেলায় রাতের তাপমাত্রা ২০-র নীচে নেমে এসেছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। সমতলে সবচেয়ে কম তাপমাত্রা ছিল পুরুলিয়ায়, ১৪ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে, দার্জিলিং-এ তাপমাত্রা নেমে যায়, ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াসে। আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গে জেলাগুলিতে রাতের তাপমাত্রা আরও কমতে পারে বলে আবহাওয়াবিদরা জানিয়েছেন।

----------------------

রক্ষনাবেক্ষন ও স্বাস্থ্য পরীক্ষার কাজের জন্যে হুগলি নদীর উপরে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী রবীন্দ্র সেতু বা হাওড়া ব্রিজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ রাত সাড়ে এগারোটা থেকে আগামীকাল ভোর সাড়ে চারটে পর্যন্ত এই সেতু দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময়ে বিকল্প পথ হিসাবে নিবেদিতা সেতু ও দ্বিতীয় হুগলি সেতুকে ব্যবহার করার কথা বলা হয়েছে।

---------------------- ----------------------